গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪. ৬৮৬

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ / ৩০ জুলাই ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পুন:নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬, তারিখ: ৩০ জুন ২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে সূত্রোক্ত স্মারকে ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছিল।

২। সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় সারাদেশে জরিপ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফ্যামিলি কার্ড কর্মসূচির বাস্তবায়নের নিমিত্ত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পরিবর্তন করে পুন:নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। সূত্রোক্ত পত্রের 'ক'-এ নির্দেশাবলীতে অনলাইন আবেদন গ্রহণের সময়সীমা ০১-৩১ আগস্ট ২০২৬ তারিখ এর পরিবর্তে ০১-১৫ আগস্ট ২০২৬ পর্যন্ত পুন:নির্ধারণ করা হলো এবং অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরোক্ত বিষয়ে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩০/০৭/২০২৬

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
☎০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক (সকল)........................।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)........................।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৯. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
১০. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)..................।
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২. অফিস কপি।